



বিদ্যুৎ সংকটে দুঃখিত, দ্রুতই পরিস্থিতির উন্নতি হবে: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দেশের চলমান বিদ্যুৎ সংকটের কারণে দুঃখ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি জানিয়েছেন, আগামী কয়েক দিনের মধ্যেই বিদ্যুৎ ও গ্যাস সরবরাহের সমস্যার উন্নতি হবে বলে সরকার আশা করছে।

শনিবার (১৫ আগস্ট) রাজধানীর মহাখালীর কড়াইল টিঅ্যাভিটি মাঠে সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার ৮২তম জন্মবার্ষিকী উপলক্ষে দরিদ্র মানুষের মধ্যে অনুদান বিতরণ অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় তিনি এসব কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, বিদ্যুৎ পরিস্থিতি নিয়ে কিছু রাজনৈতিক দল উসকানিমূলক কর্মকাণ্ডের মাধ্যমে অস্থিরতা তৈরির চেষ্টা করছে। একই সঙ্গে গ্যাস সংকট নিরসনে সরকার কাজ করছে। কারিগরি ত্রুটি কমিয়ে আনা হয়েছে এবং দ্রুত বিদ্যুৎ পরিস্থিতির উন্নতি হবে বলে তিনি জানান।

বিরোধী দলগুলোর সমালোচনা করে প্রধানমন্ত্রী তাদেরকে সমস্যা সমাধানে বাস্তবভিত্তিক পরিকল্পনা দেওয়ার আহ্বান জানান।

তিনি আরও বলেন, দেশে গণতান্ত্রিক পরিবেশ ও জবাবদিহি নিশ্চিত হলে উন্নয়ন কার্যক্রম আরও গতিশীল হবে। আগামী এক মাসের মধ্যে স্কুলশিক্ষার্থীদের জন্য স্কুল ড্রেস দেওয়ার কার্যক্রম শুরু হবে বলেও জানান তিনি।

এ ছাড়া দেশের উপজেলা পর্যায়ের সব ৫০ শয্যার হাসপাতালকে পর্যায়ক্রমে ১০০ শয্যায় উন্নীত করার পরিকল্পনার কথাও তুলে ধরেন প্রধানমন্ত্রী।